

নগরকান্দি সরকারি স্কুলে প্রধানশিক্ষক নেই ১৫ বছর

■ দক্ষিণ সুরমা (সিলেট) সংবাদদাতা
সিলেটের সীমান্তবর্তী জকিগঞ্জের নগরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ১৫ বছর ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য। তাছাড়া শিক্ষক সংকটও চলছে। প্রায় দু'শ' ছাত্র-ছাত্রীর এই স্কুলে একজন মাত্র শিক্ষক কোনরকমে পাঠদান করে চলেছেন। তাঁও তিনি ডেপুটেশনে আছেন। এতে শিক্ষার্থীদের লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। প্রধান শিক্ষকসহ আরো ৩ জন শিক্ষক নিয়োগ খুবই জরুরি।

২০০০ সাল থেকে এই বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য। বর্তমানে সহকারী শিক্ষক অতিরিক্ত দায়িত্ব হিসাবে প্রধান শিক্ষকের দায়িত্বে আছেন। ফলে শিক্ষার্থীদের লেখাপড়া

মারাত্মক ব্যাহত হচ্ছে। গতবছর মাঝামাঝি সময়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নজরুল ইসলামের বিরুদ্ধে দুর্নীতিসহ পাঠদানে অনিয়মের অভিযোগ এনে এলাকাবাসী স্কুল প্রাঙ্গনে মানববন্ধন করে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি দিলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাপূর্বক তাকে অন্যত্র বদলি করা হয়। কিন্তু এই শিক্ষকের স্থলে অন্য কোন শিক্ষক এখনো পর্যন্ত নিয়োগ দেয়া হয়নি।

এ বিষয়ে জেলা শিক্ষা কর্মকর্তা হযরত আলী বলেন- পদোন্নতি হলে প্রধান শিক্ষক দেয়ার ব্যাপারে চেষ্টা করবো। কিন্তু পনের বছর থেকে প্রধান শিক্ষকের পদ শূন্য থাকার কারণ জানতে চাইলে এ কর্তা কোন মন্তব্য করতে রাজি হননি।

রংপুর প্রতিনিধি

রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন গত মঙ্গলবার অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতি পদে ড. আর এম হাফিজুর রহমান ও সাধারণ সম্পাদক ড. পরিমল চন্দ্র বর্মন নির্বাচিত হয়েছেন।

অন্যান্য পদে নির্বাচিতরা হলেন, সহ-সভাপতি ড. এ কে এম ফরিদ উল-ইসলাম, কোষাধ্যক্ষ আলী রায়হান সরকার, যুগ্ম-সম্পাদক মোহাম্মদ রফিউল আজম খান। নির্বাহী সদস্য পদে নির্বাচিতরা হলেন, মোঃ হামান মিয়া, ড. মোঃ গাজী

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন

হাফিজুর সভাপতি পরিমল সম্পাদক

মাজহারুল আনোয়ার, তাবিউর রহমান প্রধান, মোঃ সাইদুর রহমান, মোঃ আতিউর রহমান, মোঃ নূরুল হুদা লিটন, তানিয়া তোফাজ, মোঃ অ'শুর রকিব, ড. আবু ছালেহ, মোঃ ওয়ানুদুর রহমান ও মোঃ সাখাওয়াত হোসে।

এতে প্রধান নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করেন বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক শেখ মাজেদুল হক। নির্বাচন কমিশনার হলেন, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ আজিজুর রহমান ও একই বিভাগের প্রভাষক মোঃ মাসুদ রানা।